

প্রধানমন্ত্রীকে শিক্ষক কর্মচারী এক্যাজেটের স্মারকলিপি প্রদান

জবি রিপোর্টার : বেসরকারি শিক্ষক কর্মচারীদের চাকরি জাতীয়করণের দাবিতে প্রধানমন্ত্রীকে স্মারক লিপি দিয়েছে শিক্ষক কর্মচারী এক্যাজেট নামের একটি সংগঠন। গতকাল রোববার জাতীয় গ্রেস ক্লাবের সামনে সকাল ১০টায় মানববন্ধনে সভাপতিত্ব করেন সংগঠনটির চেয়ারম্যান নূর আফরোজ বেগম জ্যোতি মানববন্ধনের বক্তরা বলেন, বেসরকারি শিক্ষক কর্মচারীদের প্রতি বছর সরকারি কোষাগার হতে সাড়ে পাঁচ হাজার কোটি টাকা বেতন ভাতা দেয়া হয় আর ৩ হাজার কোটি টাকা হলেই জাতীয়করণ সম্ভব। শিক্ষার্থীদের নিরুত্তে হতে আদায়কৃত টিউশন ফি ও সেশন চার্জ সরকারি কোষাগারে জমা হলে আর্থিক কোন ঘাটতি হবে না। পদক্ষেপ গ্রহণ করলেই জাতীয়করণ সময়ের ব্যাপার মাত্র। মানববন্ধন শেষে নূর চেয়ারম্যানের নেতৃত্বে পাঁচ সদস্যের একটি প্রতিনিধি দল প্রধানমন্ত্রীর কার্যালয়ে স্মারকলিপি পেশ করেন। সমিতির নির্বাহী মহাসম্পাদক মো. গোলাম রসুল সানির পরিচালনায় মানববন্ধনে ছিলেন অধ্যক্ষ মোহাম্মদ ইউনুছ মোস্তা, আবু সাঈদ মো. খুরশীদ আলম, অধ্যক্ষ তোফাজ্জল হোসেন আখন্দ, অধ্যক্ষ এম. এনায়েত হোসেন ও অধ্যাপক মো. আশরাফুল ইসলাম সুমন প্রমুখ।

চাকরি
জাতীয়করণ দাবি